

অন-লাইনের মাধ্যমে নতুন সংযোগের জন্য আবেদন ধাপ সমূহ

১. ওজোপাডিকোলিঃ এর নতুন বিদ্যুৎ সংযোগের জন্য প্রথমেওয়েব ব্রাউজার এর মাধ্যমে নিম্ন লিখিত ওয়েব লিংকে <http://newconnection.wzpdcl.org.bd/> অথবা <http://180.211.193.22> এ যেতে হবে।
২. ওয়েবসাইটের বাম পার্শ্বের বোতামে ক্লিক করলে প্রয়োজনীয় প্রাথমিক তথ্য গ্রহণের জন্য একটি পেইজ আসবে।
৩. ফরমের (*) লাল তারা দেওয়া ঘর গুলো অবশ্যই পূরণ করতে হবে। এই পেইজে তথ্যগুলো সঠিকভাবে দেওয়ার পর পেইজের নিচে অবস্থিত বাটনে ক্লিক করতে হবে। এর ফলে আবেদনকারী উল্লেখিত মোবাইল নম্বরে আবেদনের একটি ট্র্যাকিং নম্বর ও পিন নম্বর সম্বলিত একটি এসএমএস পাবেন। উল্লেখ্য যে, ট্র্যাকিং নম্বর ও পিন নম্বর এর মাধ্যমে আবেদনকারী ইচ্ছে করলে **Confirmation** করার পূর্বে পুরনকৃত বিভিন্ন তথ্য পরিবর্তন করতে পারবেন। কিন্তু **Confirmation** করার পর কোন তথ্য পরিবর্তন করা যাবে না। তাছাড়া এই ট্র্যাকিং নম্বর ও পিন নম্বরের মাধ্যমে আবেদনকারী পরবর্তীতে আবেদনের সর্বশেষ অবস্থা জানতে পারবে।
৪. এরপর আবেদনকারীর কম্পিউটার মনিটরে পূরণকৃত আবেদন পত্রটি আসবে যা প্রিন্ট ও স্বাক্ষর করে পরবর্তীতে নির্দিষ্ট অফিসে জমা দিতে হবে। আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজগুলোর সত্যায়িত কপি ডাকযোগে অথবা সরাসরি ৭ দিনের মধ্যে দিতে হবে পাঠানোর জন্য এসএমএস এর মাধ্যমে অনুরোধ করা হবে।
 - ক. আবেদনকারীর স্বাক্ষরিত আবেদন পত্র।
 - খ. সংযোগ গ্রহনকারীর পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি রঙিন ছবি।
 - গ. জমির মালিকানা দলিল অথবা জমির মিউটেশন অথবা ভাড়ার ক্ষেত্রে মালিকের সহিত চুক্তিপত্রের সত্যায়িত কপি।
 - ঘ. সংযোগ খুঁজে পাওয়ার সুবিধার্থে লোকেশন ম্যাপ (হাতে আঁকা)।
 - ঙ. এয়ারকুলার ব্যবহার না করার অঙ্গিকারনামা।
৫. পরবর্তীতে আবেদনকারীর উল্লেখিত সংযোগের স্থানে সার্ভে করার কথা এসএমএস মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।
৬. সার্ভে সম্পন্ন করার পর আবেদনকারীর পূর্ববর্তী কোন বকেয়া হিসাব থাকলে তা আবেদনকারীর পরিশোধের জন্য অনুরোধ করা হবে।
৭. সার্ভে করে যদি দেখা যায় আবেদনকারী সংযোগ পাওয়ার জন্য উপযুক্ত তাহলে সংযোগের ধরণ অনুযায়ী প্রাক্কলিত খরচ ও জামানত ব্যয় আবেদনকারীকে পরিশোধের অনুরোধ করা হবে।
৮. পরবর্তীতে আবেদনকারী সংশ্লিষ্ট ব্যাংকে নির্দিষ্ট অর্থ জমা দিয়ে একটি রশিদ কর্তৃপক্ষের নিকট জমা দিবেন।
৯. আবেদনকারীকে মিটার প্রদানের অনুরোধ করা হবে এবং মিটার পরীক্ষার পর যদি ভালো প্রমাণিত হলে তাহলে নতুন সংযোগের তারিখ আবেদনকারীকে জানানো হবে।